গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২৭/১২/২০২০ খ্রি.।

# ২০১৯ সনের অনার্স ৪র্থ বর্ষ (নিয়মিত, অনিয়মিত, মনোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৯ সনের অনার্স ৪র্থ বর্ষ (নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন) পরীক্ষার ফরম পূরণের ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন ছাত্রীদের পরীক্ষার ফি

| অনার্স বিষয়ের নাম | ফরম পূরণের ফি |
|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ফিন্যান্স, ব্যবস্থাপনা, মার্কেটিং, সমাজকর্ম | ৩,৯৮০.০০ |
| পদার্থবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, প্রাণিবিজ্ঞান, মনোবিজ্ঞান, গণিত, ভূগোল, উদ্ভিদবিজ্ঞান | ৪,১১০.০০ |
| রসায়ন | ৪,২৪০.০০ |
| ১ পত্র (তত্ত্বীয়/ব্যবহারিক/মৌখিক)<br>পরবর্তী প্রতি পত্রের জন্য ২০০/- টাকা হারে যোগ হবে | ১,৫৫৫.০০ |
| মাঠকর্ম ফি ও রিসার্স প্রজেক্ট ফি সংশ্লিষ্ট বিভাগ আদায় করবে। মানোন্নয়ন পরীক্ষার্থীদের ব্যবহারিক/মৌখিক পত্র থাকলে ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ ১৩০/- ও মৌখিক পরীক্ষার কেন্দ্র ফি বাবদ ৭৫/- সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার আগের দিন জমা দিবে। | |

## পরীক্ষার আবেদন ফরম পূরণ ও ফি জমা দানের শেষ তারিখ: ০৫/০১/২০২১ খ্রি.

১. অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) :

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (**7College.du.ac.bd**) **Formfilup** বাটনে ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয়সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলি উল্লেখ থাকবে। অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যের ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ বিভাগীয় প্রধান স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ০৩/০১/২০২১ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

২. ফরম পূরণের ফি জমা দেয়া:

কলেজের নিজস্ব ওয়েব সাইট **www.edencollege.eshiksabd.com** এ প্রবেশ করে **"edenstudent"** ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করতে হবে। পরবর্তী নির্দেশনা অনুযায়ী তথ্য সরবরাহ করে ফরম পূরণ করতে হবে। ফরম পূরণের পর ডাচ্‌বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং 'রকেট' অথবা নেক্সাস পে এ্যাপসের মাধ্যমে ডাচ্‌বাংলা ব্যাংকের যে কোন একাউন্ট হতে ফি পরিশোধ করা যাবে। যারা অনার্স ৪র্থ বর্ষে এখনও ভর্তি হয়নি তাদের ২৪/১২/২০২০ তারিখের প্রকাশিত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি অনুযায়ী প্রথমে ভর্তি হতে হবে। ভর্তি ফি জমা রশিদের ফটোকপি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফরমের সাথে জমা দিতে হবে। পরীক্ষার ফরম পূরণে কোন সমস্যা দেখা দিলে দ্রুত সময়ে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

(ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে নিবন্ধিত এবং ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় **Promoted** ছাত্র-ছাত্রীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৯ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থী যারা ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা ২০১৮ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থী ২০১৯ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষ অনার্স ২০১৭ এবং ২০১৮ পরীক্ষা দু'টিতে সকল পত্রে অংশগ্রহণ করে কমপক্ষে ৪টি 'ডি' গ্রেড পেয়েছে তারাও উক্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

(গ) গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য:

২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্রী ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় এক বা একাধিক কোর্সে 'এফ' গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে ২০১৯ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় ঐ সকল কোর্সে অংশগ্রহণ করতে পারবে।

০৪. পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ

ছাত্রীনিবাস, লাইব্রেরি ও ছাত্রী কমনরুম তত্ত্বাবধাকের কাছ থেকে না-দাবি প্রত্যয়ন গ্রহণ করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনলাইনে পরীক্ষার আবেদন ফরমের সাথে ভর্তি ও ফরম পূরণের ফি জমা সংক্রান্ত ডুকুমেন্ট, নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের অনার্স ৩য় বর্ষের ফলাফলের কপি, মানোন্নয়ন পরীক্ষার্থীর অনার্স ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষের ফলাফলের কপি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ফরম গ্রহণের সময়সূচি সংশ্লিষ্ট বিভাগ হতে জেনে নিতে হবে।

০৫. কলেজের বিভাগসমূহের জন্য করণীয় ঃ

(ক) অনলাইনে ফরম পূরণ ও ফি জমা সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যায় ছাত্রীদের দ্রুততম সময়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

(খ) ছাত্রীনিবাস, লাইব্রেরি ও ছাত্রী কমনরুম তত্ত্বাবধাকের কাছ থেকে না-দাবি প্রত্যয়ন, পরীক্ষার ফলাফল এবং অনার্স ৪র্থ বর্ষে ভর্তি ফি জমা রশিদ যাচাই করতে হবে। কোন ছাত্রী অনার্স ৪র্থ বর্ষে ভর্তি না হয়ে থাকলে ভর্তির বিজ্ঞপ্তি অনুযায়ী চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(গ) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে **Formfilup** লিংক এ গিয়ে কলেজ লগ-ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরম পূরণের ফিস পরিশোধ হয়ে থাকলে এবং শিক্ষার্থী ৪র্থ বর্ষে পরীক্ষায় অংশগ্রহণের শর্ত পূরণ করলে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন দিতে ইচ্ছুক সে বিষয় কোড এন্ট্রি করতে হবে। পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন।

ঘ) ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ: অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার্থীদের ফরমপূরণের সময়ে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১২-১৩, ২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এক্সেলে পূরণ করে বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ হার্ডকপি ও সফ্‌ট কপি কলেজের রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে।

27.12.2020

(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য্য)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। কোষাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৫। সংরক্ষণ নথি।